



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 16



Class: 4

Subject: Bengali Text (সুখ দুঃখ)

Date: 02/10/2020

১। সুখ দুঃখ কবিতার শেষ ৬ লাইন কবির নাম সহ মুখস্ত লেখ ।

উঃ সুখ দুঃখ

রবীন্দ্রনাথ ঠাকুর

আজকে দিনের দুঃখ যত

নাইরে দুঃখ উহার মতো

ওই যে ছেলে কাতর চোখে দোকান পানে চাহি----

একটি রাঙা লাঠি কিনবে একটি পয়সা নাই ।

চেয়ে আছে নিমেষ হারা, নয়ন অরণ ---

হাজার লোকের মেলাটিরে করেছে করুণ ।

২। স্নানযাত্রার দিনের অবস্থা কেমন ছিল ?

উঃ স্নানযাত্রার দিনের অবস্থা খুব খারাপ ছিল । সারাদিন মেঘলা আকাশ ছিল , দিনভর বৃষ্টি হচ্ছিল । তবুও লোকেরা মেলা দেখতে এসেছিল , ঠাকুরবাড়ির উৎসব দেখতে অনেক লোক এসেছিল । ভিড়ের জন্য মানুষেরা খুব ঠেলাঠেলি করছিল ।

৩। ছোটো ছেলেটির দুঃখ হয়েছিল কেন ?

উঃ রথের পনেরো দিন আগে স্নানযাত্রা উপলক্ষ্যে মেলা হয় । এই মেলায় একটি ছোটো ছেলে এসেছিল । মেলায় অনেক জিনিস বেচাকেনা হয় । অনেক খেলনাও

বিক্রি হয় ।ছোটো ছেলেটির এক পয়সা দামের একি রঙিন লাঠি পছন্দ হয়েছিল ।কিন্তু তার কাছে কোন পয়সা না থাকায় সে রঙিন লাঠিটি কিনতে পারেনি ।সেই জন্য ছোটো ছেলেটির দুঃখ হয়েছিল ।

৪। রবীন্দ্রনাথ ঠাকুর সম্বন্ধে কয়েকটি বাক্য লেখ ?

উঃ ১৮৬১ সালের ৭ই মে কলকাতার জোড়াসাঁকোর বিখ্যাত ঠাকুর পরিবারে রবীন্দ্রনাথের জন্ম হয় ।তঁার পিতার নাম মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ও মাতার নাম সারদা দেবী ।রবীন্দ্রনাথ শিশুকালে বাড়িতে বসেই লেখাপড়া করতেন ।মাত্র বারো বছর বয়সে তিনি কবিতা লেখা শুরু করেন ।তিনি বহু গল্প, উপন্যাস,নাটক ও গান লিখেছেন ।১৯১৩ সালে গীতাঞ্জলি কাব্যের জন্য তিনি নোবেল পুরস্কার পান ।

Manashi Chaudhuri